



তথ্যবিবরণী

নম্বর: ০৮৩

রাসিকের অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

রাজশাহী; ১৩ কার্তিক (২৯ অক্টোবর):

আজ মঙ্গলবার (২৯ অক্টোবর) দুপুরে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। নগর ভবনে সচিবের দপ্তরকক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন রাজশাহী বিভাগীয় কমিশনার ও রাসিক প্রশাসক এবং অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

সভায় রাসিক প্রশাসক বলেন, নাগরিক সেবার প্রতিষ্ঠান রাজশাহী সিটি কর্পোরেশন। নাগরিক সেবার মান বৃদ্ধিতে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করতে হবে। রাসিককে আর্থিকভাবে স্বাবলম্বী করতে অপ্রয়োজনীয় ব্যয় নিয়ন্ত্রণ ও সকল আদায় কার্যক্রম জোরদার করতে হবে। সরকারি-বেসরকারি হোল্ডিং কর আদায়, বাণিজ্যিক লাইসেন্স, ইজারা, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স, সিনেপলেক্সসহ আয়ের খাতসমূহের আদায় কার্যক্রম জোরদার করতে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে।

সভায় রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড.এবিএম শরীফ উদ্দিন, সচিব মোঃ মোবারক হোসেনসহ রাসিক ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, সভায় জুলাই-২০২৪ হতে সেপ্টেম্বর-২০২৪ পর্যন্ত প্রকৃত আয় ও ব্যয় নিয়ে পর্যালোচনাসহ বিভিন্ন সংস্থার বকেয়া দাবি পরিশোধ, রাসিকের ৩০টি ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলরগণের সম্মানী, কার্যালয়ের ভাড়া ও অফিস ব্যবস্থাপনা খরচ ও জরুরি কাজে প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার সামগ্রী ক্রয় বিষয়ে আলোচনা করা হয়। রাসিক এলাকায় রাস্তার বাতির বিদ্যুৎ বিল যৌক্তিক পর্যায়ে আনায়ন এবং রাসিকের কাজে ব্যবহৃত গাড়ীর জ্বালানী ব্যয় যৌক্তিক পর্যায়ে আনায়ন ও পরিবহন শাখায় নতুন সরবরাহকৃত যন্ত্রপাতির ভাড়া নির্ধারণ প্রসঙ্গে আলোচনা করা হয়।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৬.১০ঘ.